গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

“রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	১৩ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন যে, পূর্বাচল ৩০০ ফুট মহাসড়কে সাথে গুলশান-মাদনী এভিনিউ সিলেট মহাসড়কের সংযোগ স্থাপন করে ঢাকা শহরের যানবাহনের অতিরিক্ত চাপ কমানো তথা ঢাকা শহরের অতি সন্নিকটবর্তী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নতকরণের লক্ষ্যে ৩.২৫ কিলোমিটার সড়ক নির্মাণের নিমিত্ত মোট ৪৫৬৭২.২৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বর্ণিত প্রকল্পটি সওজ অধিদপ্তর ও বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ৩০/১০/২০১৮ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল নির্ধারত রয়েছে জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত। জুন, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২০৫.০০ কোটি টাকা। ২০২০-২১ অর্থবছরের এডিপি বরাদ্দ ১০০.০০ কোটি টাকা। আগস্ট, ২০২০ পর্যন্ত প্রকল্পের ব্যয় ২০৫.০০ টাকা এবং ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৪.৮৯%। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং সমাধানের লক্ষ্যে নীতিগত বিষয়াদি সম্পর্কে আলোচনা ও নির্দেশনার্থে অদ্যকার zoom online-এ সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এ প্রকল্পের ভূমি অধিগ্রহণের প্রশাসনিক আদেশ পাওয়া গেছে এবং বর্তমানে ভূমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে। তিনি জানান যে, ডিপিপি’র Cross Section অনুসারে সড়কের মধ্যবর্তী মিডিয়ান ১০.৩ মিটার জায়গা রেখে উভয় পাশে ০২টি করে ০৪টি লেন নির্মাণের সংস্থান রাখা রয়েছে। বর্তমানে মাঝখানের মিডিয়ানের পরিমাণ ১৭.৬ মিটার রাখার পরিকল্পনা করা হচ্ছে। এর ফলে ভবিষ্যতে প্রয়োজন অনুসারে মিডিয়ানের উভয় পাশে আরো ০২টি করে অতিরিক্ত ০৪টি লেন নির্মাণ করা সম্ভব হবে। এ খাতে ১.৯৭ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। এ বিষয়ে সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর মতামত গ্রহণের পরামর্শ দেয়া হয়।

৩.২ সভায় জানানো হয় যে, প্রকল্পের এলাইনমেন্ট সয়েল ইনভেস্টিগেশনের ভিত্তিতে সড়কের ৩.২৫ কিলোমিটার এর মধ্যে ১.৪৬ কিলোমিটার অংশেই Standard Penetration Test (SPT) মান ১-২, যেখানে গ্রহণযোগ্য মান

১০ এর বেশী প্রয়োজন, যার ফলে ভূমি উন্নয়নের জন্য Sand Compaction Pile (SCP) এবং Geo Textile নতুনভাবে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ অঙ্গ নতুন করে ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হলে ভূমি উন্নয়ন খাতে অনুমোদিত ডিপিপি অপেক্ষা ২১.৪৩ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পাবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন যে, বর্তমানে স্থানীয় সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে প্রকেল্পর সামগ্রিক কার্যক্রম গ্রহণ করা সমীচীন। এ প্রকল্পের ডিজাইন কনসালটেন্ট যে Sand Compaction Pile (SCP) এর ডিজাইন প্রস্তাব করেছে তা সওজ অধিদপ্তর কর্তৃক ভেটিং হওয়া আবশ্যক। সওজ অধিদপ্তরের আওতায় জাতীয় মহাসড়কের SPT মান এর সাথে এ সড়কের SPT মানের তুলনামূলক পর্যালোচনা থাকাও প্রয়োজন। Sand Compaction Pile (SCP) এর ডিজাইন ও প্রাক্কলন সওজ অধিদপ্তর কর্তৃক পর্যালোচনা করত: জাতীয় মহাসড়কের SPT মান এর সাথে এ সড়কের SPT মানের তুলনামূলক অবস্থা পর্যালোচনা করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৩ বাংলাদেশ সেনাবাহিনীর প্রতিনিধ জানান যে, অনুমোদিত ডিপিপিতে শুধুমাত্র Water Gap বিবেচনায় নিয়ে ব্রীজের দৈর্ঘ্য নির্ধারণ করা হয়েছিল। কিন্তু ব্রীজ ডিজাইন করার সময় দেখা গিয়েছে যে, সড়ক এলাইনমেন্ট সোজা এবং খালগুলি সড়কের সাথে তীর্যক (লম্ব নয়) রয়েছে। এর ফলে প্রকল্পে অন্তর্ভুক্ত ০৪টি ব্রীজের মধ্যে ০৩ টি ব্রীজের দৈর্ঘ্য বৃদ্ধি পাবে। তিনি আরো জানান যে, সওজ অধিদপ্তর এর ব্রীজ ডিভিশন কর্তৃক প্রকল্প এলাকায় সরেজমিন পরিদর্শন করা হয়েছে এবং পিআইসি সভায় এ বিষয়ে সুপারিশ করা হয়েছে। যুগ্মসচিব (পরি: ও কার্য:) সভাকে অবহিত করেন যে, এডিপি বাস্তবায়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে তিনি প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করেছেন। প্রকল্প এলাকায় যে, চ্যানেলসমূহের উপরে সেতুগুলো নির্মাণ করা হচ্ছে তা প্রাকৃতিক চ্যানেল হওয়ায় বিআইডব্লিউ কর্তৃক Vertical and Horizontal ক্লিয়ারেন্স গ্রহণ করা সমীচীন। এ প্রসঙ্গে এ প্রকল্পের প্রকল্প পরিচালক ও তত্বাবধায় প্রকৌশলী, নারায়নগঞ্জ সড়ক সার্কেল জানান যে, লেক/চ্যানেলসমূহ জলসিঁড়ি আবাসিক এলাকার মধ্যে অবস্থিত হওয়ায় এ ব্রীজের নিচ দিয়ে কোন নৌযান চলাচল করবে না। তাই বিআইডব্লিউ কর্তৃক Vertical and Horizontal ক্লিয়ারেন্স গ্রহণ করার প্রয়োজন হবে না বলেই প্রতীয়মান হয়। এ বিষয়ে এ প্রকল্পের সওজ অধিদপ্তরের প্রকল্প পরিচালককে এ বিষয়টি পুন;পরীক্ষা করে একটি প্রত্যয়ন পত্র দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। যুগ্মসচিব (পরি: ও কার্য:) আরো জানান যে, ব্রীজের পিলার সরিয়ে মূল ভূমির কাছাকাছি জায়গায় স্থাপন করা হলে পানি প্রবাহ যথাযথ রাখা সম্ভব হবে এবং ডিজাইন পরিবর্তন হেতু প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পরিহার করা অধিক যুক্তিযুক্ত। বিস্তারিত আলোচনা শেষে দৃষ্টিনন্দন ব্রীজ নির্মাণের যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, আর্থিক সীমাবদ্ধতা বিবেচনায় তা পুন:বিবেচনার জন্য সভায় ্রাএকমত প্রকাশ করা হয়।

৩.৪ সভায় জানানো হয় যে, প্রকল্পে ব্রীজগুলোর এ্যাপ্রোচ রোডের উভয় পার্শ্বে Natural Slope রাখার জন্য পর্যাপ্ত পরিমাণ জায়গা না থাকায় RCC Retaining wall হিসেবে রক্ষাপ্রদ কাজের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন হবে। উল্লেখ্য যে, এ্যাপ্রোচ রোডে Retaining wall এর সংস্থান না করা হলে ভূমি অধিগ্রহণের পরিমাণ বৃদ্ধি পাবে, যা Retaining wall নির্মাণের চেয়েও ব্যয়বহুল। এছাড়াও জলসিঁড়ি আবাসন এলাকায় পরিকল্পনা অনুযায়ী সর্বোচ্চ ৪২.৫ মিটার জায়গার পরেই প্লট বরাদ্দ থাকায় এখানে অতিরিক্ত ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে জটিলতা হবে। Retaining wall নির্মাণের যৌক্তিকতা সুনির্দিষ্টভাবে আরডিপিপি'তেসন্নিবেশ করার্ত পরামর্শ দেয়া হয়।

৩.৫ সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, অনুমোদিত ডিপিপি'তে নির্মিতব্য সড়কে বাতি স্থাপনের কোনো সংস্থান রাখা হয়নি। কিন্তু এ সড়কটি পূর্বাচলের সাথে জলসিড়ি আবাসিক এলাকায় সংযোগ স্থাপন করবে। তাই সড়ক নিরাপত্তা ও আলোকিত করার স্বার্থে সংশোধিত ডিপিপি'তে নতুন করে এ খাতে ৪.৫০ কোটি টাকা ব্যয় প্রাক্কলন করা প্রয়োজন। প্রস্তাবিত এ সড়ক বাতি ব্যবহারে বৈদ্যুতিক বিল ও রক্ষণাবেক্ষণ ব্যয় কোন সংস্থার মাধ্যমে নির্বাহ করা হবে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সড়ক বাতির বিদ্যুতের সংস্থান করে বিদ্যুৎ বিল ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাংলাদেশ সেনাবাহিনীর জলসিড়ি আবাসন কর্তৃপক্ষ কর্তৃক বহন করা প্রয়োজন মর্মে সভায় সহমত পোষণ করা হয়। আরো উল্লেখ করা হয় যে, বৈদ্যুতিক বাতি আংশিক না হয়ে পুরো সড়কের জন্য করাই সমীচীন হবে।

৩.৬ সভায় জানানো হয় যে, প্রকল্পটির নতুন পরিকল্পনা অনুযায়ী সকল অঙ্গের কাজ সম্পন্ন করতে মূল অনুমোদিত ডিপিপি অপেক্ষায় ১০৯.৮১ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। এজন্য প্রকল্পটির সংশোধন প্রয়োজন। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি অভিমত ব্যক্ত করেন যে, বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক চলমান এ প্রকল্পটির বিভিন্ন অঙ্গের সংশোধনে যে প্রস্তাব উথ্থাপন করা হয়েছে তা অধিকতর যাচাই-বাছাই হওয়া আবশ্যক। বিভিন্ন অঙ্গের ব্যয় বৃদ্ধির বিষয়াদি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নেতৃত্বে কমিটি গঠনের মাধ্যমে সরেজমিন দেখে পর্যালোচনার করা যেতে পারে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং) জানান যে, যে সব অঙ্গের ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, তা সওজ অধিদপ্তর এর রেট সিডিউল এর সাথে এ প্রকল্পে নিয়োজিত ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির রেট সিডিউল পর্যালোচনার করলে ব্যয় কমানোর যথেষ্ট সুযোগ রয়েছে মর্মে প্রতীয়মান হয়। স্থানীয় সম্পদের সীমাবদ্ধতা ও নির্ধারিত সময়ে প্রকল্পটির সমাপ্ত করার স্বার্থে ডিপিপি সংশোধনের পরিবর্তে অনুমোদিত ডিপিপি'র বিভিন্ন অঙ্গের মধ্যে আন্ত:খাত সমন্বয় করারও সুযোগ রয়েছে কি না তা পর্যালোচনার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। বিভিন্ন অঙ্গের ব্যয় বৃদ্ধি সংক্রান্ত সংশোধন প্রস্তাব পর্যালোচনার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর নেতৃত্বে যুগ্মসচিব (পরি: ও কার্য), পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি, সওজ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং), ব্রীজ ম্যানেজমেন্ট উইং এর প্রতিনিধি সমন্বয়ে কমিটি গঠন করে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করবেন। গঠিত কমিটি ব্যয় বৃদ্ধি সংক্রান্ত সংশোধন প্রস্তাব, প্রস্তাবিত ডিজাইনসমূহ, রেট সিডিউল, চলমান কার্যক্রম প্রভৃতি বিষয় পর্যালোচনার করে মতামত/সুপারিশ সংক্রান্ত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন।

৪. সিদ্ধান্তঃ

৪.১ নির্মিতব্য সড়কের মধ্যবর্তী মিডিয়ান ১০.০৩ মিটার হতে ১৭.০৬ মিটার করার বিষয়ে সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর মতামত গ্রহণ করতে হবে;

৪.২ প্রস্তাবিত Sand Compaction Pile (SCP) এর ডিজাইন ও প্রাক্কলন পর্যালোচনারকরত: ইতোমধ্যে নির্মিত অন্যান্য জাতীয় মহাসড়কের SPT মান এর সাথে নির্মিতব্য এ সড়কের SPT মানের তুলনামূলক পর্যালোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৩ এ প্রকল্পের নির্মিতব্য সেতুর Vertical and Horizontal ক্লিয়ারেন্সের বিষয়টি পুন:পরীক্ষা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সওজ অধিদপ্তরের পক্ষ হতে নিয়োজিত প্রকল্প পরিচালক এ সংক্রান্ত একটি প্রত্যয়ন পত্র প্রদান করবেন;

৪.৪ সেতুসমূহের দৈর্ঘ্য ও আইটেমসমূহের প্রাক্কলনের বিষয়ে সওজ অধিদপ্তরের ব্রীজ ডিজাইন ইউনিট এর ভেটিং গ্রহণ করতে হবে;

৪.৫ পুরো সড়কের জন্য সড়ক বাতির সংস্থান সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা যেতে পারে। সড়ক বাতির বিদ্যুতের সংস্থান এবং বিদ্যুৎ বিল ও রক্ষণাবেক্ষণ বাংলাদেশ সেনাবাহিনীর আওতাধীন জলসিড়ি আবাসন কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদন করা হবে মর্মে প্রত্যয়নসহ সংশোধিত ডিপপি'তে উল্লেখ করতে হবে;

৪.৬ বিভিন্ন অঙ্গের ব্যয় বৃদ্ধি সংক্রান্ত সংশোধন প্রস্তাব পর্যালোচনার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর নেতৃত্বে যুগ্মসচিব (পরি: ও কার্য), পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি, সওজ অধিদপ্তরের

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং), ব্রীজ ম্যানেজমেন্ট উইং এর প্রতিনিধি সমন্বয়ে গঠিত কমিটি প্রকল্প এলাকা আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সরেজমিন পরিদর্শন করবে। গঠিত কমিটি ব্যয় বৃদ্ধি সংক্রান্ত সংশোধন প্রস্তাব, প্রস্তাবিত ডিজাইনসমূহ, রেট সিডিউল, চলমান কার্যক্রম প্রভৃতি বিষয় পর্যালোচনার করে মতামত/সুপারিশ সংক্রান্ত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০৫২.১৬.৩০৬

তারিখ: ২ কার্তিক ১৪২৭
১৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
২) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ (দৃঃ আঃ যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১) যুগ্মসচিব, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪) প্রকল্প পরিচালক, “রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্প, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৫) প্রকল্প পরিচালক ও মেজর, “রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্প, ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, বাংলাদেশ সেনাবাহিনী, জিয়া কলোনী, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৬) অফিস কপি/মাস্টার কপি

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী সচিব